

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমিরেকর্ড ও জরিপ অধিদপ্তর  
সেটেলমেন্ট প্রেস  
৯৮, শহীদতাজ উদ্দিন আহমেদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮  
www.dgdlrs.gov.bd

স্মারকনং- ৩১.০৩.০০০০.০০৫.৩৩.০০৩.১৬. ৫৫৫

তারিখঃ ১৬ নভেম্বর ২০১৬ খ্রি।

বিষয়: ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক রেকর্ড প্রকাশনার জন্য বিদ্যমান ডাটা এন্ট্রি সিস্টেম আধুনিকীকরণ ও রক্ষণাবেক্ষণ এবং তৈরিকৃত RS-K সিস্টেমে ডাটা মাইগ্রেশন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য-প্রযুক্তি ব্যবহার করে সরকারি সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার মাধ্যমে আধুনিক ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার বন্ধপরিকর। এ লক্ষ্যে ভূমি রেকর্ড সম্পর্কিত যাবতীয় সেবা জনগণের কাছে সহজলভ্য করার অভিপ্রায়ে ভূমিরেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক নানামুখী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এরই অংশ হিসেবে সকল আরএস খতিয়ানের ডিজিটাল সংরক্ষণ ও অনলাইনে প্রদর্শনের লক্ষ্যে গত ১৮ জুন, ২০১৫ খ্রি: তারিখ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এর সাথে এটুআই প্রোগ্রামের একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উল্লিখিত সমঝোতা স্মারকের পরিপ্রেক্ষিতে এটুআই প্রোগ্রাম কর্তৃক প্রস্তুতকৃত RS-K সিস্টেমে এ অধিদপ্তর কর্তৃক সিলেট জেলার ২৮৪টি মৌজার ১,২৬,৩৪২ (এক লক্ষ ছাব্বিশ হাজার তিনশত বিয়াল্লিশ)টি এবং মাগুরা জেলার ২৮৩টি মৌজার ১,৩৭,৯৪৪ (একলক্ষ সাতত্রিশ হাজার নয়শত চুয়াল্লিশ)টি আরএস খতিয়ানের ডিজিটাল সংরক্ষণ ও অনলাইনে প্রদর্শনের কার্যক্রম সফল ভাবে বাস্তবায়ন করে। অবশিষ্ট ৫৯ টি জেলার প্রস্তুতকৃত প্রায় দুইকোটি আরএস রেকর্ডের উপাত্ত উক্ত RS-K সিস্টেমে মাইগ্রেশনের মাধ্যমে সংরক্ষণ ও অনলাইনে প্রদর্শনের ব্যবস্থা করার লক্ষ্যে জনগণের দোরগোড়ায় ভূমি সেবা পৌঁছে দেওয়ার পাশাপাশি মানুষের ভোগান্তি বহুলাংশে লাঘব করা সম্ভব যা ভূমিরেকর্ড ব্যবস্থাপনায় এক যুগান্তকারী অর্জন হিসেবে বিবেচিত হতে পারে।

২। ভূমি রেকর্ড জরিপ অধিদপ্তর কর্তৃক সর্বশেষ রেকর্ড প্রকাশনার লক্ষ্যে বেশ পুরাতন একটি সিস্টেমে রেকর্ডের ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান আছে। উক্ত সিস্টেমটির আধুনিকীকরণ করা হলে সর্বশেষ রেকর্ডের ডাটা এন্ট্রির কার্যক্রমে গতি সঞ্চারণ করা সম্ভব। বর্ণিত সিস্টেমটির আধুনিকীকরণ এবং নিয়মিত রক্ষণাবেক্ষণে কারিগরি সহায়তা প্রয়োজন হবে।

৩। উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত অর্থের প্রয়োজন হবে:

ক্রমিক নং	ব্যয়েরক্ষেত্র	ব্যয়
১	সর্বশেষ প্রকাশিত (প্রায় দুইকোটি) আরএস খতিয়ান RS-K সিস্টেমে মাইগ্রেশন ও রক্ষণাবেক্ষণ	৩০,০০,০০০/- টাকা
২	বিদ্যমান ডাটা এন্ট্রি সিস্টেম আপডেট ও রক্ষণাবেক্ষণ	৩০,০০,০০০/- টাকা
৪	সর্বমোট	৬০,০০,০০০/- টাকা

কথায়ঃ ষাট লক্ষ টাকা মাত্র।


৪। এমতবস্থায়, ভূমি রেকর্ড ব্যবস্থা আধুনিকায়ন ও সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার প্রয়োজনে বর্ণিত আর্থিক বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক (প্রশাসন)  
ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
তেজগাঁও, ঢাকা-১২২১৫।

অনুলিপি - সদয় জ্ঞাতার্থে

০১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা-১২২১৫।

০২। সচিব, ভূমি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয় ঢাকা।



১৬/১১/১৬  
শেখ আব্দুল আহাদ  
মহাপরিচালক  
ফোনঃ ৮১৭০৪৮৫  
email: dgdlrs@gmail.com